প্রতিবেদন

# গত সাতদিন

(২৫.১০.২০১৪–৩১.১০.২০১৪)

২০০০ ডেস্ক

## রাজনীতি

### জানাজা নিয়ে উত্তেজনা

জামায়াতে ইসলামীর সাবেক আমির যুদ্ধাপরাধী গোলাম আযমের লাশ নিয়ে ২৫ অক্টোবর দিনভর ছিল টানটান উত্তেজনা। বোমা বিস্ফোরণ, কফিন লক্ষ্য করে জুতা নিক্ষেপ, ঘৃণা প্রকাশ, বিভিন্ন সংগঠনের প্রতিবাদ, স্লোগান আর বিক্ষোভের মধ্য দিয়ে মুক্তিযুদ্ধে গণহত্যার প্রধান পরিকল্পনাকারী গোলাম আযমের মরদেহ রাজধানীর মগবাজারের পারিবারিক কবরস্থানে দাফন করা হয়।

এর আগে বাদ জোহর জাতীয় মসজিদ বায়তুল মোকাররমে একাত্তরের মানবতাবিরোধী অপরাধে সাজাভোগী এই যুদ্ধাপরাধীর জানাজা অনুষ্ঠিত হয়। তার চতুর্থ পুত্র আবদুল্লাহ হিল আমান আযমী জানাজায় ইমামতি করেন।

## ক্রিকেট খেলা

### সাকিবের সগৌরব প্রত্যাবর্তন ও তাইজুলের ৮ উইকেট

উপেক্ষার সমুচিত জবাব দিলেন বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসান। তিন মাসের নির্বাসন কাটিয়ে সগৌরবে ফিরে এলেন তিনি। মিরপুর স্টেডিয়ামে বাংলাদেশের পক্ষে তিনি ৬ উইকেট নেন। তার ঘূর্ণিজাদুতে একে একে ধরাশায়ী হন জিম্বাবুয়ের ব্যাটসম্যানরা। ২৪০ রানে জিম্বাবুয়ের প্রথম ইনিংস গুটিয়ে যায়। দ্বিতীয় ইনিংসে জিম্বাবুয়ে ১১৪ রানে অলআউট হয়ে যায়। এই ইনিংসে বোলার তাইজুল বিধ্বংসী বল করেন। তিনি একাই নেন ৮ উইকেট। তিনি প্রথম ইনিংসে ১৯ রান করেন ও ১টি উইকেট নেন। দ্বিতীয় ইনিংসে অপরাজিত ১৫ রান করেন। তাকে ম্যান অব দ্য ম্যাচের পুরস্কার দেয়া হয়।



*জিম্বাবুয়ের বিরুদ্ধে প্রথম টেস্টে জয়সূচক চার হাঁকানোর পর তাইজুলকে অভিনন্দন জানাচ্ছেন অধিনায়ক মুশফিক*

## ব্যবসা-বাণিজ্য

### আটকে আছে দেশি-বিদেশি বিনিয়োগ

জমি ও অবকাঠামোর ফাঁদে আটকে আছে দেশি-বিদেশি বিনিয়োগ। নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা বাড়লেও প্রকৃত বিনিয়োগ বাড়ছে না। রাজনৈতিক স্থিতিশীলতা না থাকায় কাঙ্ক্ষিত বিনিয়োগ হচ্ছে না। এর নেতিবাচক প্রভাব পড়ছে প্রবৃদ্ধি ও কর্মসংস্থানের ক্ষেত্রে। এক্ষেত্রে কাঙ্ক্ষিত বিনিয়োগ আকৃষ্ট করতে দ্রুত সমস্যা সমাধানের তাগিদ দিয়েছে উন্নয়ন সহযোগী সংস্থা, অর্থনীতিবিদ, শীর্ষ ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ ও এর সঙ্গে সংশ্লিষ্ট বিশেষজ্ঞরা।

## জঙ্গি তৎপরতা

### একযোগে হামলার ষড়যন্ত্র

দেশের তিন বিভাগীয় শহর ঢাকা, চট্টগ্রাম ও রাজশাহীতে একযোগে হামলার পরিকল্পনা ছিল জঙ্গিদের। চলতি সপ্তাহেই এ হামলার প্রস্তুতি নিয়ে মাঠে নেমেছিল তারা। নিজেদের শক্তির জানান দিতেই এই পরিকল্পনা নিয়েছিল নিষিদ্ধ ঘোষিত বিভিন্ন সংগঠনের সদস্যদের নিয়ে গড়ে ওঠা জঙ্গিদের নতুন প্লাটফরম 'জিহাদি গ্রুপ'। গত ২৩ ও ২৪ অক্টোবর রাজধানীর বিভিন্ন স্থানে ও নারায়ণগঞ্জ থেকে গ্রেফতারকৃত হরকাতুল জিহাদের চার সদস্য পুলিশের জিজ্ঞাসাবাদে এ তথ্য জানিয়েছে। পুলিশ জানায়, তারা গত আগস্ট মাসেই হামলা চালাতে চেয়েছিল। কিন্তু আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বেশি তৎপর থাকায় তা ব্যর্থ হয়। দ্বিতীয় দফায় অক্টোবরের শেষ সপ্তাহকে বেছে নেয়। তাদের হামলার লক্ষ্য ছিল গুরুত্বপূর্ণ স্থাপনা ও ভিআইপি ব্যক্তি।

## শিক্ষা

### জাতীয় বিশ্ববিদ্যালয়কে বিকেন্দ্রীকরণ করা হচ্ছে

সেশনজট ও শিক্ষার্থী ভোগান্তি কমাতে জাতীয় বিশ্ববিদ্যালয়কে বিকেন্দ্রীকরণের সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এরই অংশ হিসেবে দেশের সরকারি ২৭৯ কলেজকে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে সরিয়ে অন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করা হবে। কলেজগুলোর পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন এবং সনদ প্রদানের কাজ নিয়ন্ত্রণ করবে জাতীয় বিশ্ববিদ্যালয়। তবে কোন কোন কাজ অন্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অধীনে দেয়া যায় এবং এর বাস্তবায়ন কীভাবে হবে তা নিয়ে পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে। বিকেন্দ্রীকরণের কাজে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরকে সংশ্লিষ্ট করে মতামত নেয়া হবে।

## প্রধানমন্ত্রীর সফর

### শ্রমিক নেয়ার প্রক্রিয়া সহজতর হচ্ছে

বাংলাদেশ থেকে সংযুক্ত আরব আমিরাতে শ্রমিক নেয়ার প্রক্রিয়া সহজতর করতে আগামী বছরের শুরুতে ঢাকায় ইউএই দূতাবাসে একজন শ্রম কর্মকর্তা নিয়োগ করা হচ্ছে। দেশটির পররাষ্ট্রমন্ত্রী শেখ আবদুল্লাবিন জায়েদ আল নাহিয়ান ২৬ অক্টোবর আবুধাবিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাতের সময় এ তথ্য জানান।

কূটনৈতিক সূত্র জানায়, এ সিদ্ধান্তের মধ্য দিয়ে দেশটিতে বাংলাদেশের জনশক্তি রফতানির বাজার পুনরায় উল্লেখযোগ্য হারে শুরুর আভাস মিলেছে। বাংলাদেশের নাগরিকদের অপরাধমূলক কর্মকাণ্ড বেড়ে যাওয়ায় নিরাপত্তাজনিত কারণে ২০১২ সালের আগস্ট থেকে দেশটিতে জনশক্তি রফতানি প্রায় বন্ধ হয়ে যায়।

## দুদক

### পদ্মা সেতুর মামলায় সবাই দায়মুক্ত

বহুল আলোচিত পদ্মা সেতুতে দুর্নীতির

## সপ্তাহের উক্তি



'সরকারের উন্নয়নের সঙ্গে আওয়ামী লীগ তাল মেলাতে পারছে না।'
এইচটি ইমাম, প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা
দৈনিক আমাদের সময়কে দেয়া একান্ত সাক্ষাৎকারে। (আমাদের সময়, ২৭ অক্টোবর)



'একে খন্দকারকে মুক্তিযোদ্ধা বলা যাবে না।'
–মে. জে. (অব.) কেএম শফিউল্লাহ, সভাপতি, সেক্টর কমান্ডারস ফোরাম
জাতীয় জাদুঘরের কবি সুফিয়া কামাল মিলনায়তনে এক আলোচনা সভায়। (বাংলাদেশ প্রতিদিন, ২৬ অক্টোবর)



'কাজের বেলায় খবর নেই, বোর্ড সদস্যরা ঘুরে বেড়াচ্ছেন।'
–মিজানুর রহমান মিজান, এমপি সাধারণ সম্পাদক, খুলনা মহানগর আওয়ামী লীগ
কারিগরি জ্ঞান অর্জনের নামে আওয়ামী লীগ নেতাদের থাইল্যান্ড সফর প্রসঙ্গে। (প্রথম আলো, ২৭ অক্টোবর)

'অনুদান চাই না, যোগাযোগমন্ত্রীর পদত্যাগ চাই।'
–হনুফা বেগম, নাটোর, সড়ক দুর্ঘটনায় সন্তানহারা মা
নাটোরে সড়ক দুর্ঘটনায় নিহতদের পরিবারের মধ্যে সড়ক ও সেতুমন্ত্রীর চেক বিতরণের সময়। (নয়া দিগন্ত, ২৫ অক্টোবর)

'মন্ত্রী ব্যস্ত বিয়ে নিয়ে আর রেল চলছে খুঁড়িয়ে খুঁড়িয়ে।'
–হাজেরা খাতুন, গৃহিণী, ক্রিসেন্ট রোড
রেল সম্পর্কে দৈনিক মানবজমিনে প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে। (মানবজমিন, ২৭ অক্টোবর)

'তোর বোনকে হত্যা করেছি, লাশ নিয়ে দাফন কর।'
–মজিবর রহমান, মাদকাসক্ত, পার্বতীপুর, দিনাজপুর
২৫ অক্টোবর রাতে স্ত্রী কোহিনুর বেগমকে খুন করে শ্যালক জিয়াউর রহমানকে ফোন করে। (সমকাল, ২৭ অক্টোবর)

ষড়যন্ত্রের মামলা থেকে চূড়ান্তভাবে দায়মুক্তি পেলেন সাবেক সেতু সচিব মোশাররাফ হোসাইন ভূইঞাসহ মামলার সাত আসামি। আসামিদের সঙ্গে চূড়ান্তভাবে দায়মুক্তি মিলল এ মামলার আলোচিত দুই সন্দেহভাজন সাবেক যোগাযোগমন্ত্রী সৈয়দ আবুল হোসেন ও সাবেক পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরীরও। দুর্নীতি দমন কমিশনের চূড়ান্ত প্রতিবেদন গ্রহণ করে আদালত ২৬ অক্টোবর এ মামলার আসামিদের অব্যাহতি দেয়।

## জিএসপি ইস্যু

### পোশাক শিল্পের প্রবৃদ্ধির ধারা ব্যাহত

যুক্তরাষ্ট্রের বাজারে বাংলাদেশি পণ্যের জিএসপি স্থগিতের কারণে এর প্রভাব পড়েছে অন্য ক্রেতা দেশগুলোর। যুক্তরাষ্ট্রের সঙ্গে অন্য দেশও তাল মিলিয়েছে। জুড়ে দিয়েছে কঠিন কঠিন শর্ত। তাদের দেয়া শর্তগুলো পূরণ করতে সরকারকে হিমশিম খেতে হচ্ছে। এর ফলে পোশাক শিল্পে রফতানি বৃদ্ধির চাকা থমকে গেছে। প্রবৃদ্ধি ধারা ব্যাহত হয়েছে। রফতানি উন্নয়ন ব্যুরোও পোশাক মালিকদের সংগঠন বিজিএমইএ এমন আশঙ্কা প্রকাশ করেছে। তাদের মতে, পোশাক খাতে ২০১২-১৩ অর্থবছরের তুলনায় ২০১৩-১৪ অর্থবছরে রফতানি প্রবৃদ্ধি কমে গেছে ২ দশমিক ৯০ শতাংশ।

## হরতাল

### শান্তিপূর্ণ হরতাল পালিত

সম্মিলিত ইসলামী দশগুলোর আহ্বানে ২৬ অক্টোবর রাজধানীসহ দেশের বিভিন্ন জেলায় তেমন পিকেটিং ছাড়াই হরতাল পালিত হয়েছে। রাজধানীসহ দেশের বিভিন্ন অঞ্চলে শান্তিপূর্ণ মিছিল হয়েছে। লতিফ সিদ্দিকী কর্তৃক রাসুল (সা.)-এর অবমাননা এবং হজ নিয়ে কটাক্ষের প্রতিবাদে সম্মিলিত ইসলামী দলগুলো এ হরতাল আহ্বান করেছিল।

## আইন-শৃঙ্খলা

### আওয়ামী লীগের ৩ নেতা-কর্মী খুন

একদিনে ৩ জেলায় আওয়ামী লীগ পরিবারের ৩ নেতা-কর্মী খুন হয়েছেন। ২৪ অক্টোবর সন্ধ্যায় বগুড়া জেলা আওয়ামী লীগের কার্যালয়ের ভেতরেই দলীয় প্রতিপক্ষের হাতে খুন হন বঙ্গবন্ধু সৈনিক লীগের জেলা আহ্বায়ক শিমুল হক রেহান। রাত ৮টার দিকে চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলা স্টেডিয়ামের কাছে দুর্বৃত্তদের গুলিতে নিহত হন শাহবাজপুর ইউনিয়ন যুবলীগের ওয়ার্ড সেক্রেটারি মনিরুল ইসলাম। আর সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলায় সন্ধ্যা সাড়ে ৬টায় সন্ত্রাসীদের গুলিতে নিহত হন থানা যুবলীগ নেতা আবদুল আলী। দলীয় কোন্দল ও পূর্বশত্রুতার জের ধরে এ ঘটনা তিনটি ঘটে।

### মিরপুরে ব্যবসায়ী খুনের দায় স্বীকার

স্বামী গিয়াসউদ্দিনকে খুনের জন্য প্রেমিক তানভীর আহমদকে লোক ভাড়া করতে বলেছিল স্ত্রী লাভনী ইয়াসমিন লীনা। তানভীর তার দুই বন্ধু সাদমান ইসলাম মুক্ত ও সাকিবুল ইসলাম জিসানকে নিয়ে লীনার বাসায় গিয়ে ৩০ হাজার টাকায় খুনের জন্য চুক্তিবদ্ধ হয়। চুক্তি অনুযায়ী লীনা তার বয়ফ্রেন্ড তানভীরের হাতে ১৫ হাজার টাকা তুলে দেয়। বাকি টাকা খুন করার পর দেয়া হবে বলে জানানো হয়। ঝুট ব্যবসায়ী গিয়াসউদ্দিনকে তারা সবাই মিলে খুন করে। এসব তথ্য পুলিশের কাছে স্বীকার করেছে খুনি সাদমান ইসলাম মুক্ত। তা ছাড়া ১৬৪ ধারায় আদালতে সে জবানবন্দিও দেয়। তাতেও খুনের দায় সে স্বীকার করে নেয়।

## আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

### অভিযোগ পাঁচ শতাধিক

মানবতাবিরোধী অপরাধের পাঁচ শতাধিক অভিযোগ এখনো তদন্তের অপেক্ষায়। এর মধ্যে তদন্ত ও বিচার শেষে ৯টি মামলার রায় হয়েছে বিচারিক আদালতে। আপিল বিভাগে চূড়ান্ত নিষ্পত্তি হয়েছে ২টি। একটি সমাপ্ত হয়েছে বিচারিক আদালতে। এ আদালতে ছয় মামলা বর্তমানে রায়ের অপেক্ষায়। আর এখন তদন্ত চলছে ১৮টিতে। বাকিগুলো থেকে যাচাই-বাছাই ও পর্যালোচনা শেষে অগ্রাধিকার ভিত্তিতে তদন্তের প্রস্তুতি চলছে এখন। তদন্ত সংস্থায় এ পর্যন্ত আসা অভিযোগের সংখ্যা ৫৮৫। মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠিত হয় ২০১০ সালের মার্চ মাসে।

## জনস্বাস্থ্য

### ইবোলা আক্রান্তের সংখ্যা ১০ হাজার দাঁড়িয়েছে

প্রাণঘাতী ইবোলা ভাইরাসে আক্রান্তের সংখ্যা এখন ১০ হাজার দাঁড়িয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে। আক্রান্তের বেশিরভাগই পশ্চিম আফ্রিকার দেশগুলোর নাগরিক। মাত্র ২৭ জন ছাড়া সবাই লাইবেরিয়া, সিয়েরা লিয়ন ও গিনির নাগরিক। এদিকে মালিতে ইবোলা আক্রান্ত দুই বছরের শিশুটি মারা গেছে। সম্প্রতি দাদির সঙ্গে শিশুটি প্রতিবেশী দেশ গিনি সফরে গিয়েছিল। মরণঘাতী ইবোলায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশগুলোর মধ্যে গিনি অন্যতম।